

## প্রেস বিজ্ঞপ্তি

### কৃষি মন্ত্রণালয়ের অধীন দপ্তর/সংস্থার সমূহের সাথে কৃষি মন্ত্রণালয়ের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষর।

ঢাকা, ২৫ জ্যৈষ্ঠ, ১৪২৪ বঃ; ০৮ জুন, ২০১৭ খ্রিঃ


মাননীয় কৃষিমন্ত্রী মতিয়া চৌধুরী এমপি বলেছেন, সরকারের রূপকল্প যথাযথভাবে বাস্তবায়নের স্বার্থে এদেশের প্রতিষ্ঠান সমূহের জন্য সরকারি কর্মসম্পাদন ব্যবস্থাপনা পদ্ধতি প্রবর্তন করা হয়। এ চুক্তি সইয়ের মধ্যদিয়ে সরকারি প্রতিষ্ঠানগুলোর দক্ষতা ও দায়বদ্ধতার পরিসর বৃদ্ধি পাচ্ছে। সেই সাথে নিবিড় পর্যবেক্ষনের মাধ্যমে সরকার ঘোষিত নীতি ও কর্মসূচির বাস্তবায়ন ত্বরান্বিত করা সম্ভব হবে বলে তিনি আশাবাদ ব্যক্ত করেন।

আজ বৃহস্পতিবার কৃষিমন্ত্রণালয়ের সম্মেলন কক্ষে মন্ত্রণালয়ের অধীন দপ্তর/সংস্থার সাথে ২০১৭-১৮ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন স্বাক্ষর অনুষ্ঠানে তিনি এসব কথা বলেন।

তিনি বলেন এই কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরের মাধ্যমে সরকারি কার্যক্রম সম্পাদনে সর্বোচ্চ স্বচ্ছতা, গতিশীলতা, দায়বদ্ধতা এবং সমন্বয়ের মাধ্যমে গণমুখী কর্মসম্পাদন ব্যবস্থাপনা পদ্ধতি গড়ে উঠবে যার ফলে সরকারের নতুন চ্যালেঞ্জ তথা টেকসই উন্নয়ন লক্ষ্য (এসডিজি) অর্জনে কৃষি মন্ত্রণালয় যোগ্য অংশীদারীত্বের প্রমাণ দিতে সক্ষম হবে।

তিনি আরও বলেন, কৃষি মন্ত্রণালয় কর্তৃক স্বাক্ষরিত বার্ষিক কর্মসম্পাদন চুক্তিতে উল্লিখিত সময়সূচী অনুযায়ী মন্ত্রণালয়কে বৎসর ব্যাপী কার্যক্রম পরিচালনা করতে হবে। এর কোনরূপ ব্যর্থতায় দপ্তর/সংস্থা ও মন্ত্রণালয়কে জবাবদিহি করতে হবে।

কৃষি মন্ত্রণালয়ের সচিব মোহাম্মদ মঈনউদ্দীন আবদুল্লাহ্ এর সভাপতিত্বে অনুষ্ঠিত বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষর অনুষ্ঠানে কৃষি মন্ত্রণালয়ের উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ এবং অধীন দপ্তর/সংস্থার প্রধান সহ অন্যান্য কর্মকর্তারা উপস্থিত ছিলেন।

  
বিবেকানন্দ রায়

সিনিয়র তথ্য অফিসার  
কৃষিমন্ত্রণালয়,

মোবাঃ ০১৭১১-৮১৫৮৮১

ফোনঃ ৯৫১৪৭৭৬

E-mail: vivekroy07@yahoo.com